



**PDF
Complete**

Your complimentary
use period has ended.
Thank you for using
PDF Complete.

**Click Here to upgrade to
Unlimited Pages and Expanded Features**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

মূসক অনুবিভাগ

[মূসক আইন ও বিধি শাখা]

আদেশ

সাধারণ আদেশ নং-০৫/মূসক/২০১২ তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ/০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ চুক্তিভিত্তিক পণ্য উৎপাদন ও সরবরাহের ক্ষেত্রে পালনীয় পদ্ধতি ও প্রক্রিয়া
সংক্রান্ত দিক নির্দেশনা।**

মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, কোনো নিরবন্ধিত উৎপাদক কর্তৃক চুক্তির ভিত্তিতে অন্য কোনো উৎপাদকের পণ্য উৎপাদন ও সরবরাহের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি ও প্রক্রিয়া নির্ধারণ করিল, যথা:-

- ক) পণ্যের মূল স্বত্ত্বাধিকারী এবং চুক্তিভিত্তিক উৎপাদনকারীর মধ্যে সম্পাদিত চুক্তি দেশের বলবৎ চুক্তি আইন (The Contract Act 1872) এর বিধি বিধান অনুসরণপূর্বক সম্পন্ন করিতে হইবে।
- খ) প্রমিত হিসাবরক্ষন নীতিমালা (Standard Accounting Principle) অনুসরণপূর্বক সকল হিসাব সংরক্ষণ করিতে হইবে।
- গ) পণ্যের মূল স্বত্ত্বাধিকারী কর্তৃক চুক্তিভিত্তিক উৎপাদক এর নিকট মূল উপকরণ সরবরাহের ক্ষেত্রে কোনো মূল্য অনুমোদন নিতে হবে না, তবে এক্ষেত্রে ফরম “মূসক-১১গ” এর মাধ্যমে উক্ত উপকরণ সরবরাহ করিতে হইবে।
- ঘ) চুক্তিভিত্তিক উৎপাদক কর্তৃক মূল স্বত্ত্বাধিকারীর নিকট অন্তবর্তী পণ্য সরবরাহের ক্ষেত্রে চুক্তিমূল্যের আলোকে মূল্য ঘোষণা দাখিল করিতে হইবে এবং এক্ষেত্রে মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১৯ এর উপ-বিধি (৭) অনুসৃত হইবে।
- ঙ) মূল স্বত্ত্বাধিকারী কর্তৃক ক্রয় হিসাব রেজিস্টার (মূসক-১৬) থেকে মূল উপকরণ ফরম “মূসক-১১গ” এর মাধ্যমে চুক্তিভিত্তিক উৎপাদনকারীর নিকট প্রেরণ করিতে হইবে। চুক্তিভিত্তিক উৎপাদক চুক্তির ভিত্তিতে উৎপাদিত পণ্য মূল স্বত্ত্বাধিকারীর নিকট “মূসক-১১” চালানপত্রের মাধ্যমে প্রেরণ করিবে।
- চ) ফরম “মূসক-১১গ” এর মাধ্যমে মূল উপকরণ চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট প্রেরণ সংক্রান্ত তথ্যাদি স্বত্ত্বাধিকারীকে আলাদা রেজিস্টারে সংরক্ষণ করিতে হইবে, যা বাণিজ্যিক দললাদি হিসাবে বিবেচিত হইবে। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩১ এর দ্বিতীয় শর্তাংশ অনুসারে এ সংক্রান্ত হিসাব পুস্তকের নাম ও বিবরণ (ফরমেটসহ) সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।



**PDF
Complete**

Your complimentary
use period has ended.
Thank you for using
PDF Complete.

**Click Here to upgrade to
Unlimited Pages and Expanded Features**

- ছ) ফরম “মূসক-১১” এর মাধ্যমে চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট হইতে প্রাপ্ত পণ্যের তথ্যাদি মূসক-১৬ তে এন্ট্রি করিতে হইবে এবং তদানুযায়ী পণ্যের স্বত্ত্বাধিকারী রেয়াত প্রাপ্ত হইবেন।
- জ) পণ্যের মূল স্বত্ত্বাধিকারী তার চূড়ান্ত পণ্যের মূল্য ঘোষণা দিয়ে যথানিয়মে বিক্রয় রেজিস্টারে এন্ট্রি প্রদান করিবে এবং প্রদেয় মূল্য সংযোজন কর (মূসক) পরিশোধ/সমন্বয় করিবে। স্বত্ত্বাধিকারী কর্তৃক পরিশোধিত চুক্তিমূল্য তার ঘোষণাপত্রে উপকরণ ব্যয় হিসাবে প্রদর্শন করিতে হইবে।
- ঝ) মূল স্বত্ত্বাধিকারী ও চুক্তিভিত্তিক উৎপাদকের মধ্যে সম্পাদিত চুক্তিতে প্রক্রিয়াকরণের অপচয়ের হার ও পরিমাণ সুপ্রস্তুতাবে উল্লেখ থাকিতে হইবে এবং সেই ভিত্তিতে মূল স্বত্ত্বাধিকারীকে মূল্য ঘোষণাপত্রে তা অন্তর্ভুক্ত করিতে হইবে।
- ঞ) চুক্তিভিত্তিক উৎপাদক কর্তৃক ফরম “মূসক-১১গ” এর মাধ্যমে সংগৃহীত উপকরণ ও প্রক্রিয়াকরণকৃত পণ্য স্বত্ত্বাধিকারীকে ফেরত প্রদানের তথ্য তাহার মূসক সংক্রান্ত রেজিস্টারে ভিন্নভাবে সংরক্ষণ করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোহাম্মদ শফি উদ্দিন)
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)